

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
আর্টস এন্ড সোশ্যাল সাইন্স শাখা

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০০২.২৩.৮২১

তারিখঃ ৩০ আগষ্ট ২০২৩

বিষয়ঃ “ইউজিসি স্বর্ণপদক” ২০২২ এর জন্য দরখাস্ত আহ্বান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত “ইউজিসি স্বর্ণপদক”-২০২২ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে ‘mygov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা’-এ রেজিস্ট্রেশনপূর্বক (<https://www.mygov.bd/service/?id=BDGS-1637554194>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২২ সালে প্রকাশিত হতে হবে। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে।
- (৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনঃমুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
- (৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্টিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্মারক-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না।
- (৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার (যদি থাকে) তালিকা যথাযথ রেফারেন্স আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- (৭) যৌথ প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Author/Last Author সকল Co-author দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।
- (৮) একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৯) আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে ‘mygov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা’-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;
- (১০) নীতিমালা, সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েব সাইট [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd) সম্মাননা সেবা বক্সে “ইউজিসি স্বর্ণপদক”-এ দেওয়া আছে।
- (১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/

ড. মোঃ ফখরুল ইসলাম  
পরিচালক

(আবেদনপত্র আগামী ২৬-১০-২০২৩ তারিখের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২৩/৭৫০

তারিখঃ ১১-০৯-২০২৩

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
- ২। রিজার্ভ চ্যেয়ারম্যান (সকল) ....., শেকৃবি, ঢাকা
- ৩। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
- ৫। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৬। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৭। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৮। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
- ৯। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
- ১০। অফিস কপি

১১-০৯-২০২৩

(হরি কমল দাস)  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)  
শেকৃবি, ঢাকা-১২০৭